মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
Website : bise-ctg.gov.bd



কলেজ শাখা

স্মারক নম্বর: চশিবো/ক-শা/ বিজ্ঞপ্তি/৫৫/৯৫ (অংশ-১)/৩৬৪৮ তারিখ ঃ ০২/১১/২০২৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের (বর্তমানে দ্বাদশে অধ্যয়রত) মধ্যে বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় আগামী ০৩/১১/২০২৬ খ্রি. তারিখ হতে ১৫/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বিষয় পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে। নির্ধারিত ফি প্রদানের রশিদ ও নিম্নোক্ত প্রমাণক সংযুক্ত করে আবেদন বোর্ডের কলেজ শাখায় দাখিল করতে হবে। উল্লেখ্য যে, **সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক আবেদিত শিক্ষার্থীর বিষয় পরিবর্তন করলে ঐ বিষয়ে সে ভালো ফলাফল করবে মর্মে প্রত্যয়ন প্রদান করতে হবে।**

যে সকল প্রমাণক যুক্ত করতে হবে -

(১) সংশ্লিষ্ট ছাত্রের eSIF এর প্রিন্ট আউটের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি।

(২) সংশ্লিষ্ট ছাত্রের এসএসসি ট্রান্সক্রিপ্টের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত)।

(৩) বিষয় পরিবর্তন করলে সংশ্লিষ্ট শিক্ষার্থী ভালো ফলাফল করবে মর্মে কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন।

(৪) চাহিত বিষয়ে ক্লাস করেছেন মর্মে হাজিরা রেজিস্ট্রারের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৫) শিক্ষার্থী চাহিত বিষয়ে ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণের উত্তরপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৬) বিষয় পরিবর্তন বোর্ড ফি-৪০০/- টাকা (প্রতি শিক্ষার্থী) সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংকের রশিদের সংশ্লিষ্ট শাখার অংশটি আবেদনে সংযোজন করতে হবে।

বি. দ্র :-

ক) অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।

খ) আবেদনকৃত শিক্ষার্থীদের চাহিত বিষয় বর্তমান অধ্যয়নরত কলেজে অনুমোদন থাকতে হবে।

গ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে NCTB কর্তৃক প্রণীত বিষয় কাঠামো ও গুচ্ছ কঠোরভাবে অনুসরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০২/১১/২৬

(প্রফেসর ড. মোহাম্মদ ছরওয়ার আলম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।
E-mail : ic@bise-ctg.gov.bd

প্রাপক :
অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজের